

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭৮৫

আগরতলা, ১২ জুলাই, ২০২৪

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন-২০২৪

পশ্চিম ত্রিপুরা জেলায় মোট ভোটার ২, ১৮, ৩৬২ জন

আগামী ৮ আগস্ট পশ্চিম ত্রিপুরা জেলার ৫টি ব্লকে ত্রিস্তরীয় পঞ্চায়েতের ভোটগ্রহণ করা হবে। ব্লকগুলি হল ডুকলি, পুরাতন আগরতলা, জিরানীয়া, মোহনপুর ও বামুটিয়া। ভোট নেওয়া হবে সকাল ৭টা থেকে বিকাল ৪টা পর্যন্ত। পশ্চিম ত্রিপুরা জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার আজ জেলাশাসক কার্যালয়ের মিলনায়তনে এক সাংবাদিক সম্মেলনে এই সংবাদ জানান। তিনি জানান, এই ৫টি ব্লকে মোট ভোটার রয়েছেন ২ লক্ষ ১৮ হাজার ৩৬২ জন। এর মধ্যে পুরুষ ভোটার রয়েছেন ১ লক্ষ ১০ হাজার ৭৩ জন এবং মহিলা ভোটার রয়েছেন ১ লক্ষ ৮ হাজার ২৮৫ জন। অন্যান্য ভোটার রয়েছেন ৪ জন। তিনি জানান, ঐদিন এই জেলার ৫টি ব্লকের ৯১টি গ্রামপঞ্চায়েতের ৫৫৬টি কেন্দ্রের ১০১৩টি আসনে ভোট নেওয়া হবে। পঞ্চায়েত সমিতির ৬৫টি কেন্দ্রের ৬৫টি আসনে ভোট নেওয়া হবে। পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ১৭টি কেন্দ্রের ১৭টি আসনে ভোট নেওয়া হবে। ব্যালট পেপারে ভোট নেওয়া হবে। জেলা নির্বাচন আধিকারিকের কার্যালয়ে জিলা পরিষদের জন্য এবং সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের (বিডিও) কার্যালয়ে গ্রামপঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির জন্য আগামী ১৮ জুলাই (বৃহস্পতিবার) পর্যন্ত মনোনয়নপত্র গ্রহণ করা হবে। মনোনয়নপত্রগুলি পরীক্ষা করা হবে ১৯ জুলাই (শুক্রবার)। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ ২২ জুলাই (সোমবার)।

সাংবাদিক সম্মেলনে জেলাশাসক জানান, এই জেলায় মোট ৪৫১টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে। তিনি জানান, প্রতিটি ভোটগ্রহণ কেন্দ্রে ভোটারদের জন্য পানীয়জল, বিদ্যুৎ, বসারস্থান ও শেড থাকবে। ভোটারগণ যাতে অভিযোগ জানাতে পারেন সে লক্ষ্যে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের (বিডিও) মোবাইল নাম্বার জনসমক্ষে জানানো হবে। এছাড়া পশ্চিম ত্রিপুরা জেলাশাসকের অফিসে একটি কন্ট্রোল রুম খোলা হবে। আগামী ১২ আগস্ট (সোমবার) সকাল ৮টা থেকে ভোট গণনা করা হবে। জেলাশাসক আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনকে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল রাজনৈতিক দল, ভোটার ও জনসাধারণের সহযোগিতা কামনা করেছেন। সাংবাদিক সম্মেলনে পশ্চিম ত্রিপুরা জেলার ভারপ্রাপ্ত পুলিশ সুপার বিজয় দেববর্মা জানান, নির্বাচন অবাধ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য সবরকমের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক সজল বিশ্বাস, জেলা পঞ্চায়েত আধিকারিক নিলোৎপল দেববর্মা, ডেপুটি কালেক্টর নবকুমার জমাতিয়া প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*